



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে পোশাক শিল্প ব্যবস্থাপনায় ডিপ্লোমা কোর্স

প্রকাশ: ০৪ আগস্ট ২০১৮

সমকাল প্রতিবেদক

নিটওয়্যার শিল্প ব্যবস্থাপনায় স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স চালু করেছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়। গতকাল শুক্রবার সকালে মহাখালীর ব্র্যাক সেন্টার ইন মিলনায়তনে এর ওরিয়েন্টেশন কর্মসূচি অনুষ্ঠিত হয়। ব্র্যাক ইনস্টিটিউট অব গভর্ন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট (বিআইজিডি), ব্র্যাক বিশ্ববিদ্যালয় এ অনুষ্ঠানের আয়োজন করে। বিআইজিডির নির্বাহী পরিচালক ড. ইমরান মতিনের সভাপতিত্বে বক্তারা দেশের শিল্প ও কলকারখানার সঙ্গে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর যোগাযোগ প্রতিষ্ঠার ওপর গুরুত্ব আরোপ করেন।

এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) আর্থিক সহায়তায় অর্থ মন্ত্রণালয়ের স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (এসইআইপি) অধীনে এই স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স শুরু হয়েছে। নিটওয়্যার, টেক্সটাইল, তৈরি পোশাক শিল্পে কর্মরত এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ ৫৬ শিক্ষার্থী এই কোর্সে অংশ নিচ্ছেন। বিআইজিডির এই কর্মসূচির অধীনে আগামী তিন বছরে ৪৫০ জন ব্যবস্থাপককে এই কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ দেওয়া হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ভারপ্রাপ্ত সচিব আব্দুর রউফ তালুকদার। আরও বক্তব্য দেন অর্থ বিভাগের নির্বাহী প্রকল্প পরিচালক জালাল আহমেদ, উপ-প্রকল্প পরিচালক ফজলুল বারী, বিকেএমইএর দ্বিতীয় সহসভাপতি ফজলে শামীম এহসান, বিআইজিডির প্রফেসরিয়াল ফেলো ড. সুলতান হাফিজ রহমান ও গবেষণা ফেলো ড. শাহনেওয়াজ হোসেন।